

# বিজয়ী একুশে

ডঃ মোহাম্মদ আবদুর রায়যাক

শ্রীহট্ট থেকে সুন্দরবন, হিলি থেকে টেকনাফ,  
সাত ই ফাগুনের শেষরাতে জাগে ভোরের অপেক্ষায়;  
প্রভাত ফেরীর সময় যে হয়ে এলো-  
অমর একুশ কড়া নাড়ে দরজায়।

বায়ান্ন এর একুশে ফেব্রুয়ারী -  
রক্ত ঝরানো শোক-মাতমের দিন;  
কাঁদে মাতা, বধু, পুত্র-কন্যা সেই প্রিয়জনে স্মরি  
বুকের রক্তে শোধে যে মায়ের ঋণ।  
যে একুশে মাকে মা বলার দাবী নিয়ে;  
রক্ত দিয়েছে দামাল ছেলের দল -  
সব সংগ্রামে হেনে মানুষের চেতনায় অক্ষুশ -  
একুশ বলেছে 'সামনে এগিয়ে চল।'

বায়ান্ন থেকে দুহাজার বারো- কেটে গেছে বহু কাল।  
সময়ের সাথে বহু কিছু জানি বদলেছে নিশ্চিত -  
একুশ নয় আর দুঃখ-স্মৃতিময় শোক মাতমের দিন  
অমর একুশ আজকে বিশ্বায়িত।

বায়ান্ন এর একুশে ফেব্রুয়ারী -  
ভাইয়ের পরনে দেখেছি রক্ত সাজ।  
নিরানন্দেরইয়ে দুঃখের একুশ বিজয়ী একুশ হলো -  
'বিশ্বমাতৃভাষা দিবস' সে আজ।  
একুশ আজিকে মহা বিজয়ের প্রতীক -  
অমানিশা শেষে আঁধার বিনাশী আলো;  
আজকে বাতাসে বাসন্তী সুর ভাসে  
বলে সবে, 'বাসো মায়ের ভাষারে ভালো'।